সরকারি বিধিমালা নীতি ও কর্মসূচির যথাযথ বাস্তবায়নের মাধ্যমে কাজিত লক্ষ্য অর্জন এবং সরকারি কর্মকাণ্ডে দায়বদ্ধতা নিশ্চিতকরণের নিমিত্ত ২০১৪-১৫ অর্থবছর হতে সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি চালু করা হয়। এ সংক্রান্ত মন্ত্রিপরিষদ বিভাগের পরিপত্র এবং আর্থিক প্রতিষ্ঠান বিভাগের দপ্তর/সংস্থাসমূহের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সংক্রান্ত নীতিমালা ২০১৬-২০১৭ এর নির্দেশনা মোতাবেক একটি বার্ষিক কর্মসম্পাদন ব্যবস্থাপনা টিম গঠন করা হয়। এ টিম এপিএ'র কৌশলগত উদ্দেশ্যসমূহের শতভাগ অর্জন নিশ্চিতকরণে প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান, বাস্তবায়ন অগ্রগতি মনিটরিং ও ফলোআপ করাসহ এতদসংক্রান্ত অর্জন পরিবীক্ষণ এবং মূল্যায়ন প্রভৃতি কার্যক্রম সম্পন্ন করে থাকে। উপ-ব্যবস্থাপনা পরিচালকের নেতৃত্বে এ কমিটির কার্যক্রম পরিচালিত হয়।

নৈতিকতা কমিটি :

মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত সোনার বাংলা গড়ার প্রত্যয়: জাতীয় শুদ্ধাচার কৌশল-২০১২ এর কর্মপরিকল্পনা বাস্তবায়নের অংশ হিসেবে আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক কর্পোরেশনের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন, পরিবীক্ষণ এবং প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান, অগ্রগতি প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ এবং এতদসংক্রান্ত যাবতীয় কার্যক্রম কর্পোরেশনের নৈতিকতা কমিটি কর্তৃক পরিচালিত হয়। ব্যবস্থাপনা পরিচালক এ কমিটির সভাপতিত্ব করেন।

প্রশিক্ষণ কার্যক্রম ও গ্রন্থাগার উন্নয়ন কমিটি :

কর্পোরেশনের ট্রেনিং ইনস্টিটিউট ও গ্রন্থাগারের সার্বিক কার্যক্রম সম্পন্নকরণ; গ্রন্থাগারের ভৌত অবকাঠামো উন্নয়ন ও বই সংগ্রহ; নিয়মিত প্রশিক্ষণ আয়োজন এবং বিবিধ বিষয়াবলীর পর্যালোচনা ও উন্নয়নের জন্য 'প্রশিক্ষণ কার্যক্রম ও গ্রন্থাগার উন্নয়ন কমিটি' গঠিত হয়। মহাব্যবস্থাপক (ট্রেনিং) এ কমিটির প্রধান।

ঋণ প্রোডাক্ট ও সেবাসমূহ



LOAN PRODUCTS & SERVICES

ঋণ প্রোডাক্ট ও সেবাসমূহ

Loan Products & Services

রূপকল্প-২০২১ ও ২০৪১ এবং এসডিজি'র লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত মাননীয় প্রধানমন্ত্রী 'সবার জন্য আবাসন' নীতি ঘোষণা করেছেন। মাননীয় প্রধানমন্ত্রীর সদয় নির্দেশনা, প্রতিযোগিতামূলক বাজার এবং দেশের আবাসন চাহিদাকে বিবেচনায় নিয়ে ২০১৭-১৮ অর্থ বছরে দেশের সকল জনগণকে গৃহঋণ সেবায় সম্পৃক্ত করার জন্য নিম্নবর্ণিত ৭টি প্রোডাক্ট চালু করা হয়েছে :

- ১. ঢাকা ও চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকাবাসীর জন্য নগর বন্ধু ঋণ ;
- ২. পল্লী অঞ্চলের জনসাধারণের জন্য পল্লীমা ঋণ ;
- ৩. প্রবাসী বাংলাদেশীদের জন্য প্রবাস বন্ধু ঋণ ;
- ৪. অসমাপ্ত বাড়ির নির্মাণ কাজ সমাপ্ত করার জন্য আবাসন উন্নয়ন ঋণ ;
- ৫. নির্মিত বাড়ি/ফ্ল্যাট উন্নয়ন ও সংস্কারের জন্য আবাসন মেরামত ঋণ ;
- ৬. ফ্ল্যাট ক্রয়ের জন্য ফ্ল্যাট ঋণ ;
- ৭. ফ্ল্যাট রেজিস্ট্রেশনের জন্য ফ্ল্যাট রেজিস্ট্রেশন ঋণ ।

সকল ঋণ প্রোডাক্টের ক্ষেত্রে সাধারণ তথ্য/প্রয়োজনীয় ডকুমেন্টস এর তালিকাঃ

ঋণ প্রাপ্তির যোগ্যতা ও সংশ্লিষ্ট শর্তাদি :

- (ক) জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক এবং বয়সসীমা ১৮ থেকে ৬৫ বছর হতে হবে;
- (খ) ছেলে/মেয়ে/আত্মীয়স্বজনের গ্রুপে ঋণ আবেদনকারীর বয়স ৬৫ বছরের বেশী হলেও গ্রুপে ঋণ প্রাপ্তির যোগ্য বিবেচিত হবেন;
- (গ) ঋণ আবেদনকারীর বয়স ৬৫ বছরের বেশী হলে প্রাপ্তবয়স্ক ছেলে/মেয়েকে যৌথ আবেদনকারী/জামিনদার নিয়োগ করতে হবে;
- (ঘ) ঋণ প্রস্তাবিত সম্পত্তি দায়মুক্ত হতে হবে;
- (ঙ) বন্ধকীত্ব সম্পত্তি সর্বদাই বিএইচবিএফসি'র নিকট ১ম চার্জ দায়বদ্ধ করতে হবে;
- (চ) কোন ব্যক্তির একই শহরে নিজস্ব বসবাসের পাঁকা বাড়ী থাকলে তিনি নতুনভাবে বাড়ী নির্মাণ ঋণ প্রাপ্য হবেন না;
- (ছ) কেবলমাত্র আবাসিক ভবন নির্মাণের জন্য ঋণ বিবেচনা করা হবে। বাণিজ্যিক কাম-আবাসিক ভবনের আবাসিক অংশের জন্যও ঋণ প্রদান করা যেতে পারে। তবে এ ক্ষেত্রে ঋণের ১ম কিস্তি গ্রহণের পূর্বে বাণিজ্যিক অংশ নিজ ব্যয়ে নির্মাণ করতে হবে।

- (জ) একই পরিবারে একটি মাত্র ঋণ প্রদান করা হবে (পরিবার বলতে স্বামী ও স্ত্রী এবং তাদের উপর নির্ভরশীল অপ্রাপ্তবয়স্ক ছেলে/মেয়েকে বুঝাবে)।
- (ঝ) স্বামী ও স্ত্রীর ক্ষেত্রে একক নামে বা যৌথ নামে শুধুমাত্র একটি ঋণ দেয়া যাবে। যৌথ নামে ঋণ প্রদানের ক্ষেত্রে স্বামী/স্ত্রীর মধ্যে একজনের নিজস্ব আয় থাকতে হবে। স্বামী-স্ত্রীর ক্ষেত্রে যে কোন একজন ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান থেকে বাড়ী নির্মাণের জন্য ঋণ গ্রহণ করে থাকলে কর্পোরেশন থেকে ঋণ গ্রহণের যোগ্য হবেন না।

বাড়ী নির্মাণের জন্য ঋণের প্রকার, আওতাধীন এলাকা, সুদের হার, ঋণের সিলিং, নির্মাণ হার নিম্নরূপঃ

• বাড়ী নির্মাণের জন্য একক ঋণ :

আওতাধীন এলাকা	সুদের হার	ঋণের সিলিং (লক্ষ টাকায়)	নির্মাণ হার (প্রতি বর্গফুট)
ঢাকা ও চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকা	৯.০০%	১০০.০০	আর.সি.সি. ফ্রেম স্ট্রাকচারের জন্যঃ নীচতলা আবাসিক ২৭৭৪/- গ্যারেজ ২২৫১/- উপরের তলা সমূহ ১৬৯৩/-
দেশের সকল বিভাগীয় ও জেলা সদর এলাকা (ঢাকা ও চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকাদে)	৮.৫০%	৬০.০০	
পেরি আরবান ও উপজেলা সদর এবং গ্রোথ সেন্টার এলাকা	৮.৫০%	৫০.০০	

• বাড়ী নির্মাণের জন্য গ্রুপ ভিত্তিক ঋণ :

আওতাধীন এলাকা	সুদের হার	ঋণের সিলিং (লক্ষ টাকায়)	নির্মাণ হার (প্রতি বর্গফুট)
ঢাকা ও চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকা	৯.০০%	৬০.০০	আর.সি.সি. ফ্রেম স্ট্রাকচারের জন্যঃ নীচতলা আবাসিক ২৭৭৪/- গ্যারেজ ২২৫১/- উপরের তলা সমূহ ১৬৯৩/-
দেশের সকল বিভাগীয় ও জেলা সদর এলাকা (ঢাকা ও চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকাদে)	৮.৫০%	৮০.০০	
পেরি আরবান, উপজেলা সদর ও গ্রোথ সেন্টার এলাকা	৮.৫০%		

• ফ্ল্যাট ঋণ :

আওতাধীন এলাকা	সুদের হার	ঋণের সিলিং (লক্ষ টাকায়)
ঢাকা ও চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকা	১০%	৮০.০০
দেশের সকল বিভাগীয় ও জেলা সদর এলাকা (ঢাকা ও চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকাদে)		৬০.০০
পেরি আরবান ও উপজেলা সদর এবং গ্রোথ সেন্টার এলাকা	৯%	৮০.০০

- ঋণের মেয়াদ : ৫, ১০, ১৫, ২০ ও ২৫ বছর (কর্পোরেশন এবং আবেদনকারীর আলোচনার ভিত্তিতে পূর্বেই নির্ধারিত হবে)।
- ঋণের ইকুইটি : কর্পোরেশনের ঋণ এবং ঋণ গ্রহীতার নিজস্ব বিনিয়োগ অনুপাত হবে ৮০:২০; অর্থাৎ বাড়ী নির্মাণ ব্যয় এর ভিত্তিতে (কর্পোরেশনের নির্মাণ হার অনুযায়ী) কর্পোরেশনের বিনিয়োগ ৮০% এবং গ্রহীতার নিজস্ব বিনিয়োগ ২০%। ফ্ল্যাট ঋণের ক্ষেত্রে ইকুইটি ৭৫:২৫; প্রবাসবন্ধ ঋণের ক্ষেত্রে ইকুইটি ৭০:৩০।
- আইডিসিপি (IDCP) : Pre-EMI Payment পদ্ধতিতে আইডিসিপি পরিশোধযোগ্য।

■ সাময়িক আবেদনের সাথে দাখিলতব্য কাগজপত্র :

১. সংশ্লিষ্ট জোনাল/রিজিওনাল অফিস হতে বিনামূল্যে সাময়িক আবেদনের ফরম সংগ্রহ করে অথবা কর্পোরেশনের ওয়েব সাইট হতে Download করে উহা যথাযথভাবে পূরণ করে দাখিল করতে হবে;
২. অনুমোদিত নকশা ও অনুমোদন পত্রের সত্যায়িত ফটোকপি;
৩. সাইট পরিদর্শনের জন্য রুট ম্যাপ;
৪. মূল দলিল, নামজারী খতিয়ান, ডিসিআর, হালসনের খাজনা রশিদের সত্যায়িত ফটোকপি ইত্যাদি।

■ ফরমাল আবেদনের সাথে দাখিলতব্য কাগজ/দলিলপত্রের তালিকা

(ক) বাড়ি নির্মাণ ঋণের আবেদনের সাথে দাখিলতব্য দলিল ও কাগজপত্রের তালিকা :

● প্রাইভেট প্লটের ক্ষেত্রে (জমি সংশ্লিষ্ট) :

১. জমির মূল মালিকানা দলিল, বায়া দলিল;
২. সি.এস, এস.এ, আর.এস ও বি.এস খতিয়ানের জাবেদা নকল;
৩. ডি.সি.আর, খাজনা রশিদ ও নামজারী খতিয়ান;
৪. জেলা/সাব রেজিস্ট্রী অফিস কর্তৃক ইস্যুকৃত ১২ (বার) বছরের নির্দায় সনদ (এন.ই.সি)।

● সরকারী প্লটের ক্ষেত্রে (জমি সংশ্লিষ্ট) :

১. প্লটের বরাদ্দপত্র;
২. দখল হস্তান্তর পত্র;
৩. মূল লীজ দলিল ও বায়া দলিল (প্রয়োজ্য ক্ষেত্রে);
৪. লীজ দাতা প্রতিষ্ঠান হতে বন্ধক অনুমতি পত্র।

● গ্রুপ ঋণের ক্ষেত্রে :

১. উপরোল্লিখিত কাগজপত্রসহ রেজিস্ট্রিকৃত শরিকানা চুক্তিপত্র দলিল ও ফ্ল্যাট বন্টননামা।

● প্রকৌশল সংক্রান্ত কাগজপত্র :

১. অনুমোদন পত্রসহ অনুমোদিত নকশা;
২. প্লটের সয়েল টেস্ট রিপোর্ট;
৩. ইमारতের কাঠামো নকশা ও ভারবহন সনদ।

● অন্যান্য কাগজপত্র :

১. আবেদনকারীর জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি, আয়ের সনদপত্র, সত্যায়িত ছবি ও স্বাক্ষর;
২. নকশা মোতাবেক বাড়ী নির্মাণ ও অন্য কোন ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানে ঋণ নাই মর্মে স্ট্যাম্প পেপারে ঘোষণাপত্র;
৩. যে শহরে ঋণ নিয়ে বাড়ী নির্মাণ করবেন সে শহরে কোন বাড়ী নাই মর্মে অংগীকার নামা।

খ) ফ্ল্যাট ঋণের আবেদনের সাথে দাখিলতব্য দলিল ও কাগজপত্রের তালিকা :

● প্রাইভেট প্রটের ক্ষেত্রে (জমি সংশ্লিষ্ট) :

১. জমির মূল মালিকানা দলিল, বায়া দলিলের ফটোকপি;
২. সি.এস, এস.এ, আর.এস ও বি.এস খতিয়ানের ফটোকপি;
৩. ডি. সি.আর (DCR), খাজনা রশিদ ও নামজারী খতিয়ানের ফটোকপি;
৪. জেলা/ সাব রেজিস্ট্রী অফিস কর্তৃক ইস্যুকৃত ১২(বার) বছরের নির্দায় সনদ (এন.ই.সি);
৫. ফ্ল্যাট ক্রয়ের বায়না চুক্তি/ ফ্ল্যাটের মালিকানা দলিল ।

● সরকারী/লীজ প্রাপ্ত প্রটের ক্ষেত্রে (জমি সংশ্লিষ্ট) :

১. প্রটের বরাদ্দ পত্রের ফটোকপি;
২. দখল হস্তান্তর পত্রের ফটোকপি;
৩. মূল লীজ দলিল ও বায়া দলিলের ফটোকপি;
৪. লীজ দাতা প্রতিষ্ঠান হতে বন্ধক অনুমতিপত্র;
৫. ফ্ল্যাটের বরাদ্দপত্র/ফ্ল্যাটের মালিকানা দলিল ।

● প্রকৌশল সংক্রান্ত কাগজপত্র :

১. অনুমোদন পত্রসহ অনুমোদিত নকশার ফটোকপি;
২. প্রটের সয়েল টেস্ট রিপোর্ট এর ফটোকপি;
৩. ইমারতের কাঠামো নকশার ফটোকপি ও ভারবহন সনদ ।

● ডেভেলপার কোম্পানী কর্তৃক দাখিলকৃত কাগজপত্র :

১. ডেভেলপার কোম্পানীর সংঘ স্মারক, সংঘবিধি ও নিবন্ধন সনদ এর সত্যায়িত ফটোকপি;
২. ডিজাইন মোতাবেক কাজ করার ব্যাপারে ডেভেলপার প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত আভারটেকিং;
৩. অন্য কোন ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানে ঋণ নাই মর্মে স্ট্যাম্প পেপারে ঘোষণাপত্র ।

● অন্যান্য কাগজপত্র :

১. আবেদনকারীর জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি, আয়ের সনদপত্র, সত্যায়িত ছবি ও স্বাক্ষর;
২. যে শহরে ঋণ নিয়ে ফ্ল্যাট নির্মাণ করবেন সে শহরে কোন বাড়ী/ফ্ল্যাট নাই মর্মে অংশীকারনামা ।

কর্পোরেশনের কার্যক্রম বিশ্লেষণ



Performance Analysis of Corporation

মালিকানা ও তহবিলের উৎস

বিএইচবিএফসি রাষ্ট্র মালিকানাধীন একটি বিশেষায়িত আর্থিক প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটির পরিশোধিত মূলধনের পুরোটাই গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক প্রদত্ত। কর্পোরেশনের তহবিলের প্রাথমিক উৎস সরকার কর্তৃক পরিশোধিত মূলধন। অনুমোদিত ও পরিশোধিত মূলধনের পরিমাণ ১১০ কোটি টাকা।




২০১৭-১৮ অর্থবছরে ঋণ মঞ্জুরীর লক্ষ্যমাত্রা ও অর্জন




২০১৭-১৮ অর্থবছরে ঋণ মঞ্জুরীর লক্ষ্যমাত্রা ছিল ৮০০ কোটি টাকা। যার বিপরীতে ৮০১.৬১ কোটি টাকা ঋণ মঞ্জুর করা হয়। সে অনুযায়ী ২০১৭-১৮ অর্থবছরে ঋণ মঞ্জুরী লক্ষ্যমাত্রা অর্জনের হার ১০০.৮০%।

বিগত ১০ বছরে ঋণ মঞ্জুরীর লক্ষ্যমাত্রা ও অর্জন




২০১৭-১৮ অর্থবছরে ঋণ মঞ্জুরীর পরিমাণ ২০১৬-১৭ অর্থ বছরের তুলনায় ১৩.৬৪% বৃদ্ধি পেয়েছে এবং ঋণ সেবা সহজিকরণে কর্পোরেশনের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক সংস্কারমূলক ও সময়োপযোগী বিভিন্ন গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণের ফলে বিগত ১০ বছরে ঋণ মঞ্জুরীতে প্রবৃদ্ধি হয়েছে ৬৯.৭৬%।

বিগত ১০ বছরে ঋণ মঞ্জুরীর লক্ষ্যমাত্রা অর্জনের হার




২০১২-২০১৩ অর্থবছরে লক্ষ্যমাত্রার বিপরীতে সর্বোচ্চ ১২১.১৮% এবং ২০১৫-১৬ অর্থবছরে সর্বনিম্ন ৫৭.৯৮% ঋণ মঞ্জুরী হয়েছে।

২০১৭-১৮ অর্থবছরে জোনাল অফিস ভিত্তিক ঋণ মঞ্জুরীর লক্ষ্যমাত্রা ও অর্জন




জোনাল অফিস, ঢাকা উত্তর-এ সর্বোচ্চ ১৩৩.২০ কোটি টাকা এবং জোনাল অফিস, সিলেট-এ সর্বনিম্ন ৯.৬৬ কোটি টাকা ঋণ মঞ্জুরী হয়।

২০১৭-১৮ অর্থবছরে জোনাল অফিস ভিত্তিক ঋণ মঞ্জুরীর লক্ষ্যমাত্রা অর্জনের হার




জোনাল অফিস, রাজশাহী-এ লক্ষ্যমাত্রার বিপরীতে সর্বোচ্চ ১৪০.৫৭% এবং জোনাল অফিস, ঢাকা দক্ষিণে সর্বনিম্ন ৬৬.৩৭% ঋণ মঞ্জুরী হয়।

২০১৭-২০১৮ অর্থবছরে জোনাল অফিস ভিত্তিক ঋণ মঞ্জুরী (মোট মঞ্জুরীকৃত ঋণের বিপরীতে শতকরা হার)



বিগত ১০ বছরে মঞ্জুরীকৃত ইউনিট সংখ্যা



২০১৭-১৮ অর্থবছরে মঞ্জুরীকৃত ইউনিট সংখ্যা ৪,৫৩৪টি, যা ২০০৮-২০০৯ অর্থবছরে ছিল ৪,৪০৩টি। বিগত ১০ বছরে মোট ৫০,২৮০টি ইউনিট নির্মাণের জন্য ঋণ মঞ্জুর করা হয়।

- বিএইচবিএফসি প্রতিষ্ঠার পর থেকে ২০১৭-২০১৮ অর্থবছর পর্যন্ত সর্বমোট ২,০৭,৫২৫টি ইউনিট নির্মাণের জন্য ঋণ মঞ্জুর করা হয়েছে।

২০১৭-১৮ অর্থবছরে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ও অর্জন

(কোটি টাকায়)




লক্ষ্যমাত্রা



অর্জন

২০১৭-১৮ অর্থবছরে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ছিল ৩৫০ কোটি টাকা, যার বিপরীতে ঋণ বিতরণ করা হয়েছে ৩৬০.০২ কোটি টাকা। ২০১৭-১৮ অর্থবছরে ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা অর্জনের হার ১০২.৮৬%।

বিগত ১০ বছরে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ও অর্জন



২০১৬-১৭ অর্থবছরের তুলনায় ২০১৭-১৮ অর্থবছরে ঋণ বিতরণের হার ২৯.২৭% বৃদ্ধি পেয়েছে। ঋণ সেবা সহজিকরণে কর্পোরেশনের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক সংস্কারমূলক ও সময়োপযোগী বিভিন্ন গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণের ফলে বিগত ১০ বছরে ঋণ বিতরণে ৪৭.৮৯% প্রবৃদ্ধি হয়েছে।




বিগত ১০ বছরে ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা অর্জনের হার



২০১২-১৩ অর্থবছরে সর্বোচ্চ ১১৫.১৩% এবং ২০১৫-১৬ অর্থবছরে সর্বনিম্ন ৬২% ঋণ বিতরণ করা হয়েছে। ২০১৭-১৮ অর্থবছরে লক্ষ্যমাত্রার বিপরীতে ১০২.৮৬% ঋণ বিতরণ করা হয়। যা গত ১০ বছরের মধ্যে দ্বিতীয় সর্বোচ্চ অর্জন।


২০১৭-১৮ অর্থবছরে জোনাল অফিস ভিত্তিক ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা ও অর্জন



২০১৭-১৮ অর্থবছরে জোনাল অফিস, ঢাকা উত্তর-এ সর্বোচ্চ ১১৭.০৩ কোটি টাকা এবং জোনাল অফিস, সিলেট-এ সর্বনিম্ন ১০.৬৫ কোটি টাকা ঋণ বিতরণ করা হয়।




২০১৭-১৮ অর্থবছরে জোনাল অফিস ভিত্তিক ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা অর্জনের হার




২০১৭-১৮ অর্থবছরে নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে জোনাল অফিস, সিলেট সর্বোচ্চ ১৫২.১৪% এবং জোনাল অফিস, ঢাকা দক্ষিণ সর্বনিম্ন ৬২.৩৮% ঋণ বিতরণ করেছে।

২০১৭-২০১৮ অর্থবছরে জোনাল অফিস ভিত্তিক ঋণ বিতরণ (মোট বিতরণকৃত ঋণের বিপরীতে শতকরা হার)




২০১৭-১৮ অর্থবছরে ঋণ আদায় লক্ষ্যমাত্রা ও অর্জন




২০১৭-১৮ অর্থবছরে ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা ছিল ৫৬৫.৩৯ কোটি টাকা, যার বিপরীতে ঋণ আদায় হয়েছে ৫০৬.৭৬ কোটি টাকা। সে অনুযায়ী ২০১৭-২০১৮ অর্থবছরে আদায় লক্ষ্যমাত্রা অর্জনের হার ৮৯.৬৩%।

বিগত ৫ বছরে ঋণ আদায় লক্ষ্যমাত্রা ও অর্জন




ব্যবস্থাপনা কর্তৃপক্ষের দিক নির্দেশনা ও মনিটরিং এর ফলশ্রুতিতে বিগত ৫ বছরে ঋণ আদায়ে প্রবৃদ্ধি হয়েছে ১০.৩৬%।

বিগত ৫ বছরে ঋণ আদায় লক্ষ্যমাত্রা অর্জনের হার




২০১৬-২০১৭ অর্থবছরে লক্ষ্যমাত্রার বিপরীতে সর্বোচ্চ ৯৩.০২% এবং ২০১৩-২০১৪ অর্থবছরে সর্বনিম্ন ৮৫.৩৫% ঋণ আদায় হয়েছে।

২০১৭-২০১৮ অর্থবছরে জোনাল অফিস ভিত্তিক ঋণ আদায় লক্ষ্যমাত্রা ও অর্জন




২০১৭-২০১৮ অর্থবছরে জোনাল অফিস, ঢাকা উত্তর-এ সর্বোচ্চ ২৩২.৩৮ কোটি টাকা এবং জোনাল অফিস, ফরিদপুর-এ সর্বনিম্ন ৭.১৫ কোটি টাকা ঋণ আদায় হয়েছে।

২০১৭-২০১৮ অর্থবছরে জোনাল অফিস ভিত্তিক আদায় লক্ষ্যমাত্রা অর্জনের হার




২০১৭-২০১৮ অর্থবছরে লক্ষ্যমাত্রার বিপরীতে জোনাল অফিস, সিলেট সর্বোচ্চ ১২১.১৫% এবং জোনাল অফিস, খুলনা সর্বনিম্ন ৭২.৩৫% ঋণ আদায় করেছে।

বিগত ৫ বছরে অশ্রেণীকৃত ঋণের স্থিতি




ঋণ বিতরণ কার্যক্রম সম্প্রসারণের ফলে বিগত ৫ বছরে মোট ঋণের স্থিতি বৃদ্ধির সাথে সাথে অশ্রেণীকৃত ঋণের স্থিতির পরিমাণও বেড়েছে। ২০১৩-১৪ অর্থবছরে যেখানে অশ্রেণীকৃত ঋণের স্থিতির পরিমাণ ছিল ২৭৬২.২০ কোটি টাকা, সেখানে ২০১৭-১৮ অর্থবছরে অশ্রেণীকৃত ঋণের স্থিতির পরিমাণ বেড়ে দাঁড়িয়েছে ২৮৬০.০৭ কোটি টাকা।

বিগত ৫ বছরে শ্রেণীকৃত ঋণের স্থিতি



বিগত ৫ বছরে শ্রেণীকৃত ঋণের হার




ব্যবস্থাপনা কর্তৃপক্ষের অন্যতম লক্ষ্য অশ্রেণীকৃত ঋণকে কোনভাবেই শ্রেণীকৃত ঋণে পরিণত হতে না দেয়া এবং নিবিড় মনিটরিং ও ফলোআপের মাধ্যমে শ্রেণীকৃত ঋণের হার ক্রমান্বয়ে হ্রাস করা।

বিগত ৫ বছরে মোট ঋণের স্থিতি




নতুন ঋণ প্রোডাক্ট চালুকরণসহ ঋণ বিতরণ এলাকার পরিধি সম্প্রসারণের ফলে সময়ের সাথে সাথে কর্পোরেশনের ঋণ স্থিতির (Outstanding Balance) পরিমাণ বৃদ্ধি পেয়েছে। ২০১৩-১৪ অর্থবছরে যেখানে ঋণ স্থিতি ছিল ২৮৯৪.৯২ কোটি টাকা, সেখানে ২০১৭-১৮ অর্থবছরে তা বেড়ে দাঁড়িয়েছে ৩০৯৬.৯১ কোটি টাকা।

বিগত ৫ বছরে আয় (Accrual Basis)




২০১৩-১৪ অর্থবছরে কর্পোরেশনের আয় ছিল ২৫৯.৮২ কোটি টাকা, সেখানে ২০১৭-১৮ অর্থবছরে আয়ের পরিমাণ দাঁড়িয়েছে ২৬৫.৯৮ কোটি টাকা। ২০১৩-১৪ অর্থবছরের তুলনায় ২০১৭-১৮ অর্থবছরে কর্পোরেশনের আয় ৩.২৫% বেশি হয়েছে।

বিগত ৫ বছরে ব্যয়




২০১৭-১৮ অর্থবছর হতে ৬০টি শাখা অফিসসহ মোট ৮৪টি অফিসের মাধ্যমে মাঠ পর্যায়ে কার্যক্রম পরিচালিত হচ্ছে। নতুন অফিস চালুর ফলে ২০১৭-১৮ অর্থবছরে পরিচালন ব্যয় বৃদ্ধি পেয়ে ১০৯.৮৯ কোটি টাকা হয়েছে।

নীট মুনাফা (করপূর্ব)




সাংগঠনিক কাঠামো ২০১৭ অনুযায়ী ২০১৭-১৮ অর্থবছর হতে দেশব্যাপী কর্পোরেশনের অফিস সম্প্রসারণ ও বর্ধিত জনবল নিয়োগের কারণে পরিচালন ব্যয় বৃদ্ধি পাওয়ায় নীট মুনাফা হ্রাস পেয়েছে।

আয়কর প্রভিশন (Cash Basis)



কর্পোরেশন ক্যাশ বেসিস মুনাফার উপর ভিত্তি করে আয়কর প্রদান করে থাকে। ২০১৭-১৮ অর্থবছরে ক্যাশ বেসিস অর্জিত ১৮২.৭২ কোটি টাকা মুনাফার ওপর প্রভিশনকৃত আয়করের পরিমাণ ৭৩.০৯ কোটি টাকা।

২০১৭-১৮ অর্থবছরে খরিদাবাড়ির সংখ্যা



বিগত ৫ বছরে প্রশিক্ষণ কোর্স ও প্রশিক্ষণার্থীর সংখ্যা




ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্পোরেশনে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের জ্ঞান ও কর্ম-দক্ষতা বৃদ্ধির জন্য সর্বদা সচেষ্ট। যার ফলশ্রুতিতে প্রত্যেক অর্থবছরে প্রশিক্ষণ কোর্স ও প্রশিক্ষণার্থীর সংখ্যা উভয়ই বৃদ্ধি পেয়েছে। ২০১৩-১৪ অর্থবছরে যেখানে প্রশিক্ষণ কোর্স সংখ্যা ছিল মাত্র ১৮টি এবং প্রশিক্ষণার্থীর সংখ্যা ছিল মাত্র ৯৭ জন, সেখানে ২০১৭-১৮ অর্থবছরে প্রশিক্ষণ কোর্স সংখ্যা বেড়ে হয়েছে ৬৩টি এবং প্রশিক্ষণার্থীর সংখ্যা হয়েছে ২৪২ জন।

বিগত ৫ বছরে কর্পোরেশনের মামলা সংক্রান্ত তথ্য




২০১৩-২০১৪ অর্থবছরে যেখানে মামলার স্থিতি ছিল ১২৫২টি, সেখানে ২০১৭-২০১৮ অর্থবছরে ক্রাস পেয়ে হয়েছে ৭১০টি।

পোস্ট অডিট আপত্তি উত্থাপন ও নিষ্পত্তি সংক্রান্ত তথ্য



বাণিজ্যিক অডিট আপত্তি উত্থাপন ও নিষ্পত্তি সংক্রান্ত তথ্য



আর্থিক অন্তর্ভুক্তির প্রতিবেদন



Report on Financial Inclusion

আর্থিক অন্তর্ভুক্তিতে 'Rural and Peri-Urban Housing Finance Project' এর ভূমিকা

বাংলাদেশ একটি অধিক জনসংখ্যাবহুল দেশ যার গৃহায়ন চাহিদা উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। এ বিশাল গৃহায়ন চাহিদার একটি বড় অংশই উপশহর ও পল্লী অঞ্চলের অন্তর্ভুক্ত। অর্থনৈতিক উন্নয়নের ধারাবাহিকতায় উন্নত আবাসনের প্রতি জনগণের আগ্রহ এ চাহিদাকে আরো তীব্রতর করেছে। কিন্তু গৃহায়নের ক্ষেত্রে গৃহাধিকার সুবিধা অপ্রতুল। তাছাড়া গৃহাধিকার খাতে অধিকাংশ প্রতিষ্ঠানই ঢাকা ও চট্টগ্রামসহ উন্নত এলাকার উচ্চ আয়ের জনগোষ্ঠীকে টার্গেট করে উচ্চ মুনাফার লক্ষ্যে কার্যক্রম চালিয়ে আসছে। উপশহর ও পল্লী অঞ্চলের জনগণের জন্য অধিকতর গৃহাধিকার সুবিধা প্রদানের লক্ষ্যে বিএইচবিএফসি এর গৃহীত উদ্যোগের মধ্যে অন্যতম "Rural and Peri-Urban Housing Finance Project"। এ প্রকল্পে ইসলামিক ডেভেলপমেন্ট ব্যাংক হতে অর্থায়ন প্রদানের লক্ষ্যে ইতোমধ্যে ইসলামিক ডেভেলপমেন্ট ব্যাংক ও বাংলাদেশ সরকারের মধ্যে ৯৪.৭৫ মিলিয়ন ইউরোর একটি ঋণচুক্তি স্বাক্ষরিত হয়েছে-যার বাস্তবায়ন ২০১৮-১৯ অর্থবছর হতে শুরু হবে। প্রকল্পটির মূল উদ্দেশ্য হলো বাংলাদেশের গ্রামীণ ও উপশহর অঞ্চলের নিম্নমধ্যবিত্ত ও মধ্যবিত্ত জনগোষ্ঠীকে অর্থায়নের মাধ্যমে তাঁদের গৃহায়ন চাহিদা পূরণ। একইসাথে পল্লী অঞ্চলে উর্ধ্বমুখী সম্প্রসারণের লক্ষ্যে বহুতল আবাসিক ভবন নির্মাণের মাধ্যমে চাষযোগ্য কৃষি জমি রক্ষা করা।

প্রকল্পের আওতায় মোট ১০৪৬টি বহুতল ভবন নির্মিত হবে যেখানে মোট ইউনিটের সংখ্যা হবে ৮০২৬ টি। যার মধ্যে পল্লী অঞ্চলে ৪০৫০টি, পেরি-আরবান এলাকায় ২৮৭৫ টি এবং কৃষক ও প্রবাসী শ্রমজীবীদের জন্য ১১০১টি ইউনিট বরাদ্দ রাখা হয়েছে। যার ফলে ৪৮,১৫৬ জন মানুষের আবাসনের সুব্যবস্থা নিশ্চিত হবে এবং ১৮৫ হেক্টর পরিমাণ আবাদযোগ্য জমি রক্ষা করা যাবে। উক্ত প্রকল্পে আইডিবি গ্রুপ তিনটি অর্থায়ন পদ্ধতিতে আর্থিক ঋণ সহায়তা প্রদান করবে। এগুলো হচ্ছে- (ক) ইনস্টলমেন্ট সেল ফাইন্যান্সিং, (খ) অর্ডিনারি ক্যাপিটাল রিসোর্স (OCR) লোন এবং (গ) Islamic Research and Training Institute (IRTI) এর টেকনিক্যাল সহযোগিতা।

ইনস্টলমেন্ট সেল ফাইন্যান্সিং :

ইনস্টলমেন্ট সেল ফাইন্যান্সিং এর ভিত্তিতে ৮৫.১১ মিলিয়ন ইউরো ঋণ প্রদান করা হবে। 'পল্লীমা' ঋণ প্রোডাক্টের মাধ্যমে এ ঋণ প্রদান করা হবে। ঢাকা, চট্টগ্রাম ও সিলেট মেট্রোপলিটন এলাকা বাদে দেশের সকল বিভাগীয় ও জেলা শহর এলাকা এবং উপশহর (পেরি-আরবান), উপজেলা সদর এবং গ্রোথ সেন্টার এলাকায় প্রাথমিকভাবে ৬,৮৭৫টি হাউজিং ইউনিট নির্মাণে অর্থায়ন করা হবে। প্রদত্ত ঋণ হতে আদায়কৃত অর্থ পুনরায় বিতরণ করা হবে (Re-financing)। যার ফলশ্রুতিতে সুবিধা ভোগীদের সংখ্যা ক্রমান্বয়ে বৃদ্ধি পাবে। এছাড়াও পল্লী অঞ্চলের নাগরিক সুবিধা বৃদ্ধির জন্য বিকল্প জ্বালানি উৎস, শক্তি সঞ্চয়, পরিবেশ বান্ধব বিল্ডিং, আধুনিক সূর্য্যারেজ ব্যবস্থা ইত্যাদি সংযোজনে সংশ্লিষ্ট বিভাগ ও প্রতিষ্ঠান যেমন- গ্রামীণ শক্তি, Infrastructure Development Company Limited (IDCOL), Department of Agricultural Extension (DAE), Housing and Building Research Institute (HBRI), Department of Public Health Engineering (DPHE) প্রভৃতি প্রতিষ্ঠানের সাথে সমন্বয় সাধনের মাধ্যমে গৃহায়ন ব্যবস্থাকে আরও যুগোপযোগী করে তোলার পরিকল্পনা রয়েছে। ইতোমধ্যে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) এর প্রকৌশল সহায়তায় পরিবেশ বান্ধব গৃহ নকশা প্রণীত হচ্ছে, যা একই সাথে সাস্থী এবং নাগরিক সুবিধা সম্বলিত।

অর্ডিনারি ক্যাপিটাল রিসোর্স (OCR) লোন :

অর্ডিনারি ক্যাপিটাল রিসোর্স (OCR) লোন এর আওতায় IsDB থেকে ৯.৩৩ মিলিয়ন ইউরো ঋণ প্রদান করা হবে। এ ঋণ মূলত কৃষক ও প্রবাসী শ্রমজীবীদের মাঝে বন্টন করা হবে। 'কৃষক আবাসন' ও 'প্রবাসবন্ধু' নামক দু'টি আলাদা প্রোডাক্টের মাধ্যমে এ ঋণ প্রদান করা হবে।

দেশের গ্রামীণ অবকাঠামো উন্নয়ন ও অর্থনীতির চাকাকে আরো গতিশীল করতে সরকারের রূপকল্প ২০২১ ও ২০৪১ ঘোষিত হয়েছে। গ্রামীণ উন্নয়নে যারা অগ্রণী ভূমিকা পালন করছে তাদের অধিকাংশই কৃষক। দেশের শতকরা প্রায় ৭০ জন লোকই কৃষি কাজে নিয়োজিত। খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জন ও বৈদেশিক মুদ্রা অর্জনে কৃষকের ভূমিকা অনস্বীকার্য। কিন্তু কৃষকদের জীবনযাত্রার মান উন্নয়ন/বৃদ্ধির জন্য মানুষের মৌলিক চাহিদার অন্যতম একটি চাহিদা তথা আবাসন ব্যবস্থা উন্নয়নে দৃশ্যমান কোন গৃহায়ন ঋণ কার্যক্রম চালু নেই। সামগ্রিক বিষয়াদি বিবেচনায় উক্ত প্রকল্পের OCR ঋণের একটি উল্লেখযোগ্য অংশ কৃষক আবাসন ঋণ হিসেবে প্রথম ধাপে বন্টন করা হবে।

উক্ত ঋণের মাধ্যমে কৃষকদের জন্য ৫৫১টি হাউজিং ইউনিট নির্মাণে অর্থায়ন করা হবে। কৃষক আবাসন ঋণের আওতায় একজন গ্রাহক ৭% হার সুদে ৫,১০,১৫,২০ ও ২৫ বছর মেয়াদী সর্বোচ্চ ৩০ লক্ষ টাকা ঋণ গ্রহণ করতে পারবে। এ ঋণ চালুর মাধ্যমে Horizontal Expansion এর গতি হ্রাস করে Vertical Expansion বৃদ্ধি করার মাধ্যমে কৃষি জমি রক্ষা করা যাবে।

প্রবাসী বাংলাদেশীরা দেশের অর্থনীতির চাকাকে সচল রাখতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে চলেছে। ২০১৭-১৮ অর্থবছর শেষে বাংলাদেশে বৈদেশিক মুদ্রার রিজার্ভ প্রায় ৩২.৯৪ বিলিয়ন ডলার। বৈদেশিক মুদ্রা রিজার্ভের এই প্রাচুর্যের পেছনে প্রবাসী বাংলাদেশীদের অবদান অগ্রগণ্য। তাদের পাঠানো রেমিট্যান্স বিনিয়োগের নতুন সম্ভাবনা উন্মোচন করেছে এবং বেকারত্ব হ্রাসে প্রত্যক্ষ ও পরোক্ষ ভূমিকা রাখছে। প্রবাসী বাংলাদেশীদের মধ্যে বেশির ভাগই শ্রমজীবী ও স্বল্প আয় উপার্জনক্ষম কর্মী। বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন প্রবাসী শ্রমজীবী ও অস্বচ্ছল অংশের গৃহায়ন সুবিধা উন্নয়নকল্পে কাজ করছে। সে প্রেক্ষিতে বিএইচবিএফসি স্বল্প সুদে (৮.৫%) ও বিভিন্ন মেয়াদে (৫,১০,১৫,২০ ও ২৫ বছর) প্রবাসী শ্রমজীবী ও স্বল্প আয়ের কর্মীদের সর্বোচ্চ অংশগ্রহণ উৎসাহিত করার লক্ষ্যে 'প্রবাসবন্ধু' নামক প্রোডাক্টের মাধ্যমে গৃহঋণ সুবিধার আওতায় সর্বোচ্চ ৬০ লক্ষ টাকা ঋণ প্রদান করছে। আলোচ্য ঋণ সুবিধা প্রাথমিকভাবে ৫৫০টি হাউজিং ইউনিট অর্থায়নে ব্যবহৃত হলেও পুনঃ বিনিয়োগ বা Re-Financing এর মাধ্যমে শ্রমজীবী ও স্বল্প আয়ের কর্মী-ঋণ গ্রহীতাদের পরিধি ক্রমান্বয়ে বৃদ্ধি করা হবে।

Islamic Research and Training Institute (IRTI) এর টেকনিক্যাল সহযোগিতা :

Islamic Research and Technical Institute (IRTI) প্রকল্পের ঋণ সুবিধাগুলোকে দক্ষভাবে সমন্বয়ের লক্ষ্যে ০.৩১ মিলিয়ন ইউরো অর্থ সহায়তা প্রদান করবে। এ অর্থ অফেরতযোগ্য এবং ইসলামিক উইন্ডো (Islamic window) স্থাপন তথা কারিগরি সহায়তায় প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণে ব্যবহৃত হবে।

গৃহীত পদক্ষেপ :

দেশের পল্লী অঞ্চলে গৃহীত এ প্রকল্পের ঋণ সুবিধা গ্রামীণ জনগোষ্ঠীর দোরপোড়ায় সহজে পৌঁছে দেয়ার লক্ষ্যে বিএইচবিএ-ফসি'র সাংগঠনিক কাঠামো পরিবর্তন করে প্রায় সকল জেলায় অফিস স্থাপন করা হয়েছে। উক্ত অফিসসমূহে প্রকল্পের ঋণ কার্যক্রম পরিচালনার জন্য ইসলামিক ডেস্ক খোলা হচ্ছে। এর ফলে মানুষ সহজেই উক্ত প্রকল্পের ঋণ কার্যক্রম সম্পর্কে জানতে পারবে। এছাড়াও এ ঋণ সম্ভাব্য গ্রাহকদের নিকট বিতরণের লক্ষ্যে ইতোমধ্যে মাঠ পর্যায়ের অফিসসমূহের মাধ্যমে ঋণ চাহিদা প্রাক্কলন করা হয়েছে। এ প্রকল্পের ঋণ পল্লী অঞ্চলের নিম্ন ও মধ্যবিত্ত জনগোষ্ঠীর নিকট জনপ্রিয় করার জন্য Awareness development কর্মসূচীর বিষয়ে সিদ্ধান্ত নেয়া হয়েছে। বাংলাদেশের প্রায় সকল জেলাতে ঋণ প্রত্যাশীদের নিয়ে স্থানীয় প্রশাসনের সহযোগিতায় Awareness development program বাস্তবায়নের পরিকল্পনা গৃহীত হয়েছে ও যথারীতি বাজেট বরাদ্দ হয়েছে। এ ঋণ প্রদানের মাধ্যমে নতুন গ্রাহক সৃষ্টির পাশাপাশি এ প্রক্রিয়া চলমান থাকবে। এর ফলে আর্থিক অন্তর্ভুক্তির আওতা ক্রমান্বয়ে পরিবৃদ্ধি লাভ করবে। কৃষক ও প্রবাসী শ্রমজীবী শ্রেণীকে ঋণের আওতায় নিয়ে আসার লক্ষ্যে বিভিন্ন উৎসাহমূলক কর্মসূচী গ্রহণ করার সিদ্ধান্ত হয়েছে। কৃষক ও প্রবাসী শ্রমজীবী আবাসন ঋণ খাতে সুদের হার আরো কমানোর বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে। যাতে করে অধিক সংখ্যক কৃষক ও প্রবাসী শ্রমজীবী ঋণ গ্রহণে আত্ম প্রকাশ করে। এ লক্ষ্যে ঋণ পরিশোধের মেয়াদকাল সর্বোচ্চ ২৫ বছর করা হয়েছে, যাতে তারা খুব সহজেই ঋণের মাসিক কিস্তি পরিশোধ করতে পারেন।

সম্ভাবনা :

"Rural and Peri-Urban Housing Finance" প্রকল্পের ঋণ সুবিধার মাধ্যমে গ্রামাঞ্চলে নতুন গ্রাহক তৈরি ও নিম্নমধ্যবিত্তদের গৃহঋণ সেবায় অন্তর্ভুক্তিকরণে বিএইচবিএফসি'র অপার সম্ভাবনা রয়েছে। বর্তমানে বাংলাদেশের জনগণের মাথাপিছু আয়ের পরিমাণ ১৯০৯ মার্কিন ডলার এবং GDP বৃদ্ধির হার ৮%। সরকারের সদিচ্ছার কারণে গ্রাম ও উপশহর অঞ্চলে নাগরিক সুবিধা ব্যাপকভাবে সম্প্রসারিত হচ্ছে। এছাড়াও গ্রাম ও উপশহর উভয় অঞ্চলের জনগণের মাথাপিছু আয় বৃদ্ধির ফলে এবং তাদের জীবনযাত্রার মানোন্নয়নে গৃহ ঋণের চাহিদা ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে।

পরিশেষে বলা যায়, বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন দেশের নিম্ন ও নিম্নমধ্যবিত্ত নাগরিকদের গৃহায়ন ব্যবস্থা উন্নয়ন তথা পল্লী ও উপশহর অঞ্চলে গৃহঋণ সুবিধা বিস্তারের লক্ষ্যে যে পদক্ষেপগুলো গ্রহণ করেছে "Rural and Peri-Urban Housing Finance" প্রকল্পটি তার মাঝে একটি অনন্য প্রয়াস হিসেবে বিবেচিত হবে।

বিএইচবিএফসি'র
সাম্প্রতিক প্রাধান্যসমূহ



RECENT PRIORITIES OF BHBFC

BHBFC : The Perspective of Housing Finance in Bangladesh

Vision 2021 & Economy of Bangladesh

Bangladesh is going to celebrate its 50 years of independence in the year 2021. The objective of preparing *Bangladesh Vision 2021* is to present a framework of a future Bangladesh that reflects the hopes and aspirations of the citizens of the country for an economically inclusive and politically accountable society.



The main goal of Bangladesh is to become a middle income country where poverty will be completely eradicated.

1. Democracy and effective parliaments
2. Political framework, decentralization of power & people's participation
3. Good governance through establishing rule of law and avoiding political partisanship
4. Transformation of political culture
5. A society free from corruption
6. Empowerment and equal rights for women
7. Economic development & initiative
 - a. Meeting basic needs
 - b. Population and labor force
 - c. Alleviation of poverty
 - d. Food & nutrition
 - e. Health care center
 - f. Education
 - g. Industry
 - h. Energy security
 - i. Infrastructural development
 - j. Housing
 - k. Environment
 - l. Water resources
8. Bangladesh in the global arena
 - a. Achievements of liberation
 - b. Culture
 - c. Foreign policy

Bangladesh Economy Data : At a Glance

(Up to FY 2017-18)

Subjects	2013-14	2014-15	2015-16	2016-17	2017-18
Population (million)	157	158	160	162	163
GDP per capita (USD)	956	1,093	1,220	1,372	1,545
GDP (USD billion)	150	173	195	222	252
Economic Growth (GDP, annual variation in %)	6.0	6.1	6.6	7.1	7.3
Industrial Production (annual variation in %)	12.0	8.7	11.8	13.1	15.3
Fiscal Balance (% of GDP)	-3.4	-3.1	-4.0	-3.4	-
Public Debt (% of GDP)	35.8	35.3	32.4	32.1	-
Money (annual variation in %)	16.7	16.1	12.4	16.4	10.9
Inflation Rate (CPI, annual variation in %)	7.3	6.1	6.1	5.0	5.8
Inflation Rate (CPI, annual variation in %)	7.5	7.0	6.2	5.5	5.7
Current Account (% of GDP)	1.6	0.8	1.5	1.9	-0.6
Current Account Balance (USD billion)	2.4	1.4	2.9	4.3	-1.5
Trade Balance (USD billion)	-10.3	-6.8	-7.0	-6.5	-9.5
Exports (USD billion)	23.8	29.8	30.7	33.4	34.0
Imports (USD billion)	34.1	36.6	37.7	39.9	43.5
Exports (annual variation in %)	4.0	25.3	3.1	8.9	1.7
Imports (annual variation in %)	4.0	73	3.0	5.9	9.0
International Reserves (USD)	18.0	22.4	27.9	32.1	33.2
External Debt (% of GDP)	22.7	20.6	19.8	18.6	-

(Source : Bangladesh Bureau of Statistics)

Housing Sector in Bangladesh

In the rapidly growing economy of Bangladesh, housing should be a significant factor in both maintaining and supporting the economy. While sectors like infrastructure, industry and connectivity enjoy prioritized attention, we feel that housing as a foundational sector of development deserves a much bigger, thoughtful and creative focus.

Everyone has the right to a standard of living

The Universal Declaration of Human Rights (UDHR) announces, that is "adequate for the health and well-being of himself and of his family, including food, clothing, housing and medical care and necessary social services, and the right to security in the event of unemployment, sickness, disability, widowhood, old age or other lack of livelihood in circumstances beyond his control."


The constitution of the People's Republic of Bangladesh entrusts the government in ensuring access to shelter for all citizens. Article 15 of the constitution states that the government has a responsibility to provide access to basic necessities, including shelter. While the government does not have the obligation to immediately provide shelter to all, it implies that a citizen of any strata of the society has the right to have access to shelter.

The issue of the house in rural areas cannot be easily equated with the house in the city. In rural areas, people mostly build houses on their own using local resources and building technology. With housing becoming primarily a profit-making enterprise, the true economic benefits of proper housing are also misunderstood. There is a misconception that housing has less contribution to economic growth compared to other sectors of investment as returns can be long-term resulting in less allocation of resources as well as attention in comparison to other sectors. However, the economic contribution of proper housing is manifold and the most important one is the impact on the health and productivity of the people.

Housing is no longer a question of dwelling but more a commercial capitalist enterprise in a neo-liberal economy. Less seen as a building of social communities, the term "housing" is seen as land allocation and apportionment in a climate of real estate extremism, in which there is more subsidy for those who have and none for those who have less. Housing is now understood more through banking language as loans, mortgage, equity, etc.

Challenges:

The bigger challenge is to provide housing or housing opportunities for the vast multitude of people living in vulnerable conditions. Creative economic partnerships and incentives may go towards creating housing of diversity. Government land may be given to developers for dense development with the purpose of creating a community where a certain percentage in the area/volume in the development should be built for low-income/middle-income habitation. Needed are enlightened developers and engaged state to create both new models and opportunities.



Housing, whether provided by the public, private or public-private partnership, needs to be a well-coordinated activity. This will require strengthening as well as making effective the existing institutions and creating new institutions. Design and planning play an important role in creating quality housing and efforts should be taken to involve the best minds to offer their services. Similarly, finance, construction, ownership and maintenance - all need to be clearly spelled out.

(Source : The Daily Star)

Housing Finance in Bangladesh

"Housing finance is what allows for the production and consumption of housing. It refers to the money we use to build and maintain the nation's housing stock. But it also refers to the money we need to pay for it, in the form of rents, mortgage loans and repayments."

- (2009) Loïc Chiquier and Michael Lea, Housing Finance Policy in Emerging Markets.

"The purpose of a housing finance system is to provide the funds which home-buyers need to purchase their homes. This is a simple objective and the number of ways in which it can be achieved is limited. Notwithstanding this basic simplicity, in a number of countries, largely as a result of government action, very complicated housing finance systems have been developed. However, the essential feature of any system, that is, the ability to channel the funds of investors to those purchasing their homes, must remain."


- (2009) Peter King, Understanding Housing Finance – Meeting Needs and Making Choices, p.3



The sources of housing finance in Bangladesh mainly are the state-owned BHBFC (Bangladesh House Building Finance Corporation), Non-Bank Financial Institutions as DBH (Delta-Brac Housing), National Housing Finance, State Owned and Private Commercial banks, employee loans, life insurance policies, and informal means. According to home owners of newly constructed houses, the primary source of housing finance is household savings (more than one third). Loans from relatives and friends were the second most common form of finance, followed by the sale of other parcels of land.

Housing Finance Future Projection

Despite the high demand for housing finance in Bangladesh, the housing finance system is small and highly segmented. The following graph represents the Future Projection of Housing Finance in Bangladesh.



Housing Finance Overview in 2017-18


The total outstanding of housing loans from banks and financial institutions as of end June 2018 amounted to BDT 815.2 billion which was 9.6 percent of total credit to the private sector.

In recent years, significant changes have taken place in total housing loan portfolios. Private banks with ample deposit resources have been expanding their housing loan portfolios. These banks had the dominant market position with the largest amount of BDT 476.0 billion in outstanding housing loans as of end June 2018.

The state-owned Bangladesh House Building Finance Corporation (BHBFC) had an amount of BDT 30.1 billion in outstanding housing loans as of end June 2018. The sources of Corporation's fund are paid-up capital provided by the government and the proceeds as received by selling government guaranteed interest bearing debentures to different organizations. The second mode of funding has been unavailable in recent years. The BHBFC has been constrained to rely on recoveries of past loans for new lending after defraying operating and debt servicing costs.

So the demand projected for housing finance is seemed vastly increasing over the next years and so. And there is a concern for housing finance in Bangladesh according to the preferences for independent house has almost been replaced by the demand for apartments and ready flats, especially the urban areas i.e, Dhaka and Chittagong Metropolitan areas, Division and Zilla Levels.

Outstanding Housing Loans



(Source: Bangladesh Bank Annual Report 2017-18)

Bangladesh House Building Finance Corporation in Housing Finance

Before the liberation of the country, House Building Finance Corporation was established to provide housing facilities for the low and lower-middle income group. With limited capital, BHBFC is still trying to provide housing loan facilities for every class of people with the motto-

Housing for All

Whereas, the private commercial banks and financial institutions are not interested to invest outside city corporation areas, BHBFC has dispersed its loan activities in upazila targeting the limited income groups. Private entities usually target the upper and upper-middle class customers for financing home loans and eventually the low and lower-middle class remain unserved. In that situation, BHBFC is regarded as the last resort to the peripheral clients in providing home loan services in zila sadar, upazila sadar, peri-urban and growth centers all over the country. The lion share of BHBFC's loan disbursement is catered to rural people of Bangladesh.

Snapshot :

Function	:	Providing Housing Loan
Total Field Offices	:	84
Authorized Capital	:	BDT 110 Crore
Paid up Capital	:	BDT 110 Crore
Total Manpower	:	1297 (Approved)
Loan Repayment Period	:	5-25 Years.
Tagline	:	গৃহায়নের দিগন্তে ঐতিহ্যের স্মারক

In the Fiscal year 2017-18 BHBFC provided seven types of loans:

- **Nagarbandhu** loan for Dhaka and Chittagong metropolitan areas;
- **Pallima** loan for other areas of the country (except Dhaka and Chattogram metropolitan areas);
- **Probashbandhu** loan for Non-resident Bangladeshis;
- **Flat** loan for purchasing flats/apartments all over Bangladesh;
- **Abashan Unnoyon** loan for completing the construction of incomplete houses;
- **Abashan Meramot** loan for re-constructing the existing buildings ;
- **Flat Registration** loan for registration of purchased flat.

The vision of BHBFC is to uplift the living standard of the low and middle-income people resolving their housing problem through providing the housing finance. In its pathway the corporation has served approximately 2 lakh households (from the independence to till now) financing 2,07,525 housing units.

BHBFC always strives to cope up with its vision through activities needed to its targeted beneficiaries. As the unserved low and middle income segments of people live predominantly in rural and peri-urban areas, BHBFC shifts its service from the big cities to rural and peripheral areas of the country; eventually raising of the disbursement ratio from urban to rural areas which is now 57:43. With the intention of bringing the service to the doorsteps of clients the Corporation has expanded its coverage approving the enhancement of field offices from 29 to 124 offices where as 60 branches and 24 Zonal/Regional offices have already been in operation.

BHBFC is suffering fund constraints in face of high and ever increasing demand. BHBFC has taken several effective steps to expand and diversify its fund base. The proposal from BHBFC for raising its authorized capital from 110 to 1000 Crore BDT is in active consideration of government. In addition, BHBFC is approaching towards alternative fund sources other than the government; like IsDB, ADB, JICA etc. A financing agreement is already signed between the government and IsDB, including BHBFC as executing agency for financing of EUR 94.75 million under the project titled 'Rural & peri-urban Housing Finance Project of Bangladesh'.

এসডিজি এবং বিএইচবিএফসি SDG and BHBFC

উন্নয়ন লক্ষ্যমাত্রা স্থাপনের মাধ্যমে বিশ্বব্যাপী উন্নয়ন অর্জনের প্রচেষ্টা একটি একবিংশ শতকীয় ধারণা। সহস্রাব্দ উন্নয়ন অর্জন (MDG) ঘোষণার মাধ্যমে জাতিসংঘ সর্বপ্রথম বৈশ্বিক পরিমন্ডলে সুনির্দিষ্ট লক্ষ্যমাত্রা নির্ধারণ করে মানব জাতির কাম্বিত অগ্রগতি অর্জনের প্রচেষ্টা চালায়। সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা পর্যালোচনা করে দেখা যায় বাংলাদেশসহ বিশ্বের বেশ কয়েকটি স্বল্প উন্নত দেশ সফলতা অর্জন করে। কিন্তু অনেক ক্ষেত্রেই দেখা যায় এই উন্নয়ন সুস্থ ও স্থায়িত্বশীল নয়। তাই বিশ্বনেতৃবৃন্দ ২৫ সেপ্টেম্বর ২০১৫ তারিখে অনুষ্ঠিত জাতিসংঘের এক বিশেষ অধিবেশনে পূর্ববর্তী উন্নয়ন প্রচেষ্টার গৃহীত অর্জনে উদ্বুদ্ধ হয়ে নতুনভাবে সুস্থ ও স্থায়িত্বশীল উন্নয়ন ধারণাকে অগ্রাধিকার প্রদান করে আন্তঃপ্রজন্মের অংশীদারিত্ব বিবেচনায় নিয়ে ঘোষণা করে Transforming Our World: The 2030 Agenda for Sustainable Development. এজেন্ডা ২০৩০ এর ১৭টি Sustainable Development Goals (SDGs), ১৬৯টি টার্গেট ও ২৩২ টি ইন্ডিকেটর নিয়ে বিশ্বের ১৯২ টি দেশের সঙ্গে বাংলাদেশ এই এজেন্ডা ২০৩০ সালের মধ্যে বাস্তবায়নে অঙ্গীকার ব্যক্ত করেছে। এই অর্জন লক্ষ্যসমূহ আমাদের সম্মিলিত আশা আকাঙ্ক্ষাকে ধারণ করে। সহস্রাব্দ উন্নয়ন অর্জন এর যেখানে শেষ সেখানেই শুরু এই নতুন অর্জন এর যাত্রা। পূর্বসূরি লক্ষ্যসমূহের অসমাপ্ত অংশের সফল সমাপনই এর অভিপ্রায়।



এসডিজি এর অর্জনসমূহ ১লা জানুয়ারি, ২০১৬ থেকে কার্যকর হয় এবং পরবর্তী পনের বছর ধরে এটি পৃথিবী ও মানব জাতির জন্য গুরুত্বপূর্ণ ক্ষেত্রসমূহের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের ক্রমোদ্ভীপক হিসেবে কাজ করবে। টেকসই উন্নয়ন এজেন্ডার সার্থক বাস্তবায়ন ও পূর্ণ সন্ধ্যাব্যবহারের মাধ্যমে একটি উচ্চমধ্যম আয়ের রাষ্ট্রে পরিণত হবে বাংলাদেশ। এসডিজি এর মূল ভাবনা হলো 'Leave no one behind' অর্থাৎ সবাইকে উন্নয়নের অংশীদার করতে হবে। পৃথিবীর সকল দেশ, সকল মানুষ ও অংশীদারদের সহযোগে সম্পূর্ণ হবে এই সুবিশাল কর্ম প্রচেষ্টা। সেখানে সরকারের পাশাপাশি থাকবে ব্যক্তিগত খাত, বেসরকারি প্রতিষ্ঠান, তৃণমূল পর্যায়ের সংগঠন এবং সকল জনগোষ্ঠীর প্রতিনিধিদের অংশগ্রহণ। সহজ কথায় শুধুমাত্র বর্তমান প্রজন্ম নয়, ভবিষ্যৎ প্রজন্মকে বিবেচনায় রেখে যে উন্নয়ন সংঘটিত হয় তাই হচ্ছে টেকসই উন্নয়ন। টেকসই উন্নয়ন এজেন্ডার অর্জন, লক্ষ্য ও সূচক প্রভৃতির পরিধি অনেক ব্যাপক ও বিস্তৃত। পৃথিবীর এমন কোন সমস্যা বা বিষয় নেই যা এর মধ্যে নেই। টেকসই উন্নয়নের মূল স্তম্ভ অর্থনৈতিক, সামাজিক ও পরিবেশের মধ্যে ভারসাম্য নিশ্চিত করা।

তাই একটি ভারসাম্যপূর্ণ ও সমন্বিত প্রক্রিয়ার মাধ্যমে অর্থনৈতিক, সামাজিক ও পরিবেশগত এই ত্রিমাত্রিক ক্ষেত্রে টেকসই উন্নয়ন অর্জনের অভিযাত্রায় এসডিজি প্রণীত হয়েছে। সরকারের উন্নয়ন অগ্রযাত্রায় বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন (বিএইচবিএফসি) যোগ্য সারথী হতে চায়। টেকসই উন্নয়নের এজেন্ডা বাস্তবায়নে বিএইচবিএফসি যে সকল ক্ষেত্রে অবদান রাখতে সক্ষম:

১. মৌলিক চাহিদা পূরণ;
২. জীবনমানের উন্নয়ন;
৩. পরিকল্পিত উন্নয়নে ভূমির ব্যবহার।

উন্নত জীবন মানের জন্য টেকসই নগর উন্নয়ন ও ব্যবস্থাপনার গুরুত্ব অপরিসীম। উন্নত সুবিধাসম্বলিত আবাসনে প্রবেশাধিকার নিশ্চিতকরণে বিএইচবিএফসি প্রতিষ্ঠার শুরু থেকে প্রায় ৭ দশক ব্যাপী অবদান রেখে যাচ্ছে। বিএইচবিএফসি সরকারের প্রণীত ম্যাপিং অনুযায়ী এসডিজি পরিকল্পনা বাস্তবায়নে যেভাবে অবদান রাখছে বা ভবিষ্যতে রাখতে পারে, তা নিম্নে উপস্থাপন করা হলোঃ

টেকসই উন্নয়ন অভীষ্ট ও লক্ষ্যমাত্রা	
অভীষ্ট ৮:	সকলের জন্য পূর্ণাঙ্গ ও উৎপাদনশীল কর্মসংস্থান এবং শোভন কর্মসুযোগ সৃষ্টি এবং স্থিতিশীল, অন্তর্ভুক্তিমূলক ও টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন
৮.১	জাতীয় পরিস্থিতি অনুযায়ী মাথাপিছু অর্থনৈতিক প্রবৃদ্ধির হার বজায় রাখা এবং বিশেষ করে, স্বল্পোন্নত দেশগুলোতে বার্ষিক ন্যূনতম ৭ শতাংশ জিডিপি প্রবৃদ্ধি অর্জন
৮.১০	সকলের জন্য ব্যাংকিং, বীমা ও আর্থিক সেবায় প্রবেশাধিকার প্রসারিত করতে দেশীয় আর্থিক প্রতিষ্ঠানগুলোর সক্ষমতা বাড়ানো
অভীষ্ট ১১:	অন্তর্ভুক্তিমূলক, নিরাপদ, অভিঘাতসহনশীল এবং টেকসই নগর ও জনবসতি গড়ে তোলা
১১.১	২০৩০ সালের মধ্যে সকলের জন্য পর্যাপ্ত, নিরাপদ ও মূল্যসামগ্রী আবাসন এবং মৌলিক সুবিধায় প্রবেশাধিকার নিশ্চিত করাসহ বস্তির উন্নয়ন সাধন
১১.৩	২০৩০ সালের মধ্যে সকল দেশে অন্তর্ভুক্তিমূলক ও টেকসই নগরায়ণ ব্যবস্থার প্রসার এবং অংশগ্রহণমূলক, সমন্বিত ও টেকসই জনবসতি পরিকল্পনা ও ব্যবস্থাপনা বিষয়ক সক্ষমতা বৃদ্ধি

৮.১: অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন

টেকসই উন্নয়ন অভীষ্ট ও লক্ষ্যমাত্রা অর্জনে সরকার ঘোষিত ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনা অনুযায়ী বিএইচবিএফসি প্রবৃদ্ধি অর্জনে পরিকল্পনা গ্রহণ করেছে। টেকসই উন্নয়ন অভীষ্ট ও লক্ষ্যমাত্রার ৮.১ অনুচ্ছেদে জাতীয় পরিস্থিতি অনুযায়ী স্বল্পোন্নত দেশগুলোতে বার্ষিক ন্যূনতম ৭ শতাংশ জিডিপি প্রবৃদ্ধির বিষয় উল্লেখ করা হয়েছে।

২০১৭-১৮ অর্থবছরে ৭.৮৬% জিডিপি প্রবৃদ্ধি হয়েছে এবং উন্নয়ন অংশীদার হিসেবে বিএইচবিএফসি ঋণ বিতরণ কার্যক্রমের আওতা সম্প্রসারণের মাধ্যমে জিডিপি প্রবৃদ্ধিতে গুরুত্বপূর্ণ অবদান রাখতে সর্বাঙ্গিক প্রচেষ্টা অব্যাহত রাখছে। ঋণ বিতরণের দ্বারা গৃহায়ন খাতে সরাসরি অর্থের অনুপ্রবেশের মাধ্যমে অর্থনীতির বহুমাত্রিক উন্নয়নে (Multiple Effect) প্রবৃদ্ধি অর্জন হবে। বিশেষ করে নির্মাণ সামগ্রী উৎপাদন ও বিক্রি এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে নতুন কর্মসংস্থান সৃষ্টি হচ্ছে। ফলে গৃহনির্মাণ এর কর্মসংস্থান খাতে প্রবৃদ্ধি ৬.১২% (২০১৫) হতে ২০২৭ এর মধ্যে ৯.৪১% হবে। বর্তমান প্রতিযোগিতামূলক বাজারে গৃহ নির্মাণ ঋণ প্রদানের ক্ষেত্রে “ঋণের সুদের হার” একটি গুরুত্বপূর্ণ বিবেচ্য বিষয়। আবাসন খাতে ঋণ প্রদানের সাথে সংশ্লিষ্ট অন্যান্য ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান এর মধ্যে প্রতিযোগিতা সৃষ্টি করে বিনিয়োগ বৃদ্ধিকল্পে কর্পোরেশনের ঋণের সুদহার হ্রাস করা হয়েছে।

৮.১০: ব্যাংকিং, বীমা ও আর্থিক সেবায় প্রবেশাধিকার

টেকসই উন্নয়ন অভীষ্ট ও লক্ষ্যমাত্রার এই অনুচ্ছেদে ব্যাংকিং, বীমা ও আর্থিক সেবায় জনসাধারণের প্রবেশাধিকার বৃদ্ধিকল্পে আর্থিক প্রতিষ্ঠানসমূহের সক্ষমতা বৃদ্ধিকরণ বিষয়ে উল্লেখ করা হয়েছে। উক্ত লক্ষ্যমাত্রা অর্জনে বিএইচবিএফসি'র ইতোমধ্যে গুরুত্বপূর্ণ অগ্রগতি সাধিত হয়েছে।

সাংগঠনিক কাঠামো পুনর্বিন্যাসের মাধ্যমে মাঠ পর্যায়ের অফিসসমূহকে জোনাল, রিজিওনাল অফিস ও শাখা অফিস হিসেবে বিভক্ত করা হয়েছে। ফলে কর্পোরেশনের সেবা শহরাদ্বয়ের পরিধি অতিক্রম করে উপশহর, প্রান্তশহর হতে পল্লী অঞ্চলের মধ্যবিন্দু ও নিম্ন মধ্যবিন্দু শ্রেণীর দৌরগোড়ায় পৌঁছানো সম্ভব হয়েছে। কর্পোরেশন দেশের প্রায় প্রতিটি জেলা শহর ও বেশ কয়েকটি উপজেলা শহরে অফিস খোলার অনুমোদন পেয়েছে। সাংগঠনিক কাঠামো পরিবর্তনের মাধ্যমে সম্ভাব্য সেবা গ্রহীতা তথা জনসংখ্যার বিপরীতে অফিস বৃদ্ধি করা হয়েছে। যা অন্তর্ভুক্তিমূলক ও টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনে কর্পোরেশনের ভূমিকা বহুলাংশে বৃদ্ধি করবে।

১১. অন্তর্ভুক্তিমূলক, নিরাপদ, অভিঘাত সহনশীল এবং টেকসই নগর ও জনবসতি গড়ে তোলা :

উক্ত অভীষ্টের ১১.১ অনুচ্ছেদে ২০৩০ সালের মধ্যে সকলের জন্য পর্যাপ্ত নিরাপদ ও মূল্য সাশ্রয়ী আবাসন এবং বেসিক সার্ভিসের প্রবেশাধিকার নিশ্চিত করাসহ বস্তির উন্নয়ন সাধনের বিষয় উল্লেখ করা হয়েছে।

বিএইচবিএফসি'র মধ্যবিন্দু ও নিম্ন মধ্যবিন্দু জনগোষ্ঠীর আর্থিক সক্ষমতাকে বিবেচনায় নিয়ে ঋণ প্রদান কার্যক্রম পরিচালনা করে। উন্নত সুবিধাসম্বলিত আবাসনে প্রবেশাধিকার নিশ্চিতকরণে বিএইচবিএফসি ঐতিহ্যগত ভাবে প্রতিষ্ঠালগ্ন থেকে অবদান রেখে যাচ্ছে। মূল্যসাশ্রয়ী ও উর্ধ্বমুখী আবাসনের স্বার্থে পরিকল্পিতভাবে Community Housing এর ধারণায় একই ভবনে অধিক সংখ্যক জনগোষ্ঠীকে বসবাসের সুযোগ সৃষ্টির জন্য ফ্ল্যাট নির্মাণ করে কিস্তিতে পরিশোধযোগ্য প্রক্রিয়ায় মালিকানা হস্তান্তর করা হবে। উন্নত আবাসন সুবিধার সাথে সংগতিসম্পন্ন পানি সরবরাহ ব্যবস্থাপনা, স্যানিটেশন, বিদ্যুৎসহ অন্যান্য মৌলিক নাগরিক সুবিধা বিএইচবিএফসি'র ঋণ প্রাপ্তির অন্যতম শর্ত বিধায় এ সকল সুবিধা বিস্তৃতকরণে বিএইচবিএফসি'র গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। একই সাথে মূল্য সাশ্রয়ী গৃহায়ণ সামগ্রী এবং প্রযুক্তির ব্যবহার নিশ্চিতকরণে বিএইচবিএফসি উৎসাহমূলক কার্যক্রম গ্রহণ করে থাকে।

উক্ত অভীষ্টের ১১.৩ অনুচ্ছেদে ২০৩০ সালের মধ্যে অন্তর্ভুক্তিমূলক ও টেকসই নগরায়ন ব্যবস্থার প্রসার এবং অংশগ্রহণমূলক সমন্বিত ও টেকসই জনবসতি পরিকল্পনা ও ব্যবস্থাপনা বিষয়ক সক্ষমতা বৃদ্ধির কথা বলা হয়েছে। উক্ত ধারার উপধারা ১১.৩.১ এ জনসংখ্যা প্রবৃদ্ধির হারের সাথে ভূমির ব্যবহার বিষয়ে ব্যবস্থা গ্রহণের উল্লেখ রয়েছে।

বিএইচবিএফসি ঋণ প্রদানের ক্ষেত্রে দেশের ভূমি ব্যবহার নীতিমালা অনুযায়ী ভবন নির্মাণের বিষয়ে গুরুত্বারোপ করে থাকে। আমরা জানি উৎপাদনের ৪টি উপকরণ ভূমি, শ্রম, মূলধন ও সংগঠন। এদের মধ্যে ভূমি হল উৎপাদনের এমন একটি উপকরণ যা সম্প্রসারণ করা যায় না। তাই টেকসই উন্নয়নের জন্য এর সংরক্ষণ সবচেয়ে গুরুত্বপূর্ণ।

গৃহায়ণ ও অন্যান্য ভৌত অবকাঠামো স্থাপনের প্রয়োজনের ফলে প্রতি বছর প্রায় ১ শতাংশ কৃষি জমি অকৃষি জমিতে পরিনত হচ্ছে। এই ধারা অব্যাহত থাকলে আগামী ২০৩০ সালে কমপক্ষে ১৫ শতাংশ জমি কৃষি উৎপাদনের বাইরে চলে যাবে। তাই ভূমির ব্যবহার কাম্যমাত্রায় না হলে তা আগামী প্রজন্মের জন্য হুমকির কারণ হয়ে দাঁড়াবে। আনুভূমিক সম্প্রসারণের পরিবর্তে উর্ধ্বমুখী সম্প্রসারণের মাধ্যমে ভূমি সাশ্রয়ের বিষয়টি বিএইচবিএফসি গুরুত্বারোপ করেছে। শহর হতে প্রান্ত-শহর এমনকি পল্লী অঞ্চলে পরিকল্পিতভাবে উঁচু দালান নির্মাণে বিএইচবিএফসি বিশেষ ঋণ প্রদান করে থাকে। পল্লী অঞ্চলের কৃষি জমির উদ্বোধনক হারে হ্রাসের বিষয়টি বিএইচবিএফসি বিশেষ বিবেচনায় নিয়ে পল্লী আবাসনে বিনিয়োগ অব্যাহতভাবে বৃদ্ধি করে চলছে। বর্তমানে শহর ও পল্লী অঞ্চলে বিএইচবিএফসি'র ঋণ অনুপাত ৩৫:৬৫, যা এ খাতে অর্থলগ্নীকারী অন্যান্য প্রতিষ্ঠান হতে অনেক বেশী। পল্লী অঞ্চলে ঋণ কার্যক্রম বৃদ্ধিকল্পে বিএইচবিএফসি পল্লী আবাসন ঋণ চালু করেছে। এছাড়া, গৃহঋণ সেবায় আরো অধিক সংখ্যক মানুষের অন্তর্ভুক্তির লক্ষ্যে বিএইচবিএফসি শীঘ্রই চালু করতে যাচ্ছে “কৃষক আবাসন ঋণ” যার সুদের হার হবে মাত্র ৭%। বিএইচবিএফসি'র এ উদ্যোগ জনসংখ্যা প্রবৃদ্ধি হারের সাথে সমন্বয় রেখে ভূমি ব্যবহারের অনুপাতে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে ভূমিকা রাখবে।

ভবিষ্যৎ পরিকল্পনা :

- কর্পোরেশনে চালুকৃত ই-ফাইলিং, মোবাইল অ্যাপস সার্ভিসের মাধ্যমে গ্রীন অফিস ব্যবস্থাপনা প্রক্রিয়া শুরু হয়েছে যা টেকসই উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। এছাড়া বাস্তবায়নধীন ই-হোমলোন সার্ভিস ও Business Intelligence software (BIS) এর মাধ্যমে গ্রীন অফিস ব্যবস্থাপনা প্রক্রিয়া আরো এগিয়ে যাবে।
- কর্পোরেশনের তথ্য ব্যবস্থাপনা অধিকতর উন্নয়ন ও আধুনিকায়নের অংশ হিসাবে একটি ডাটা সেন্টার স্থাপন প্রক্রিয়াধীন রয়েছে। ডাটা সেন্টারের মাধ্যমে প্রতিষ্ঠানের যাবতীয় তথ্য-উপাত্তসমূহকে সেন্ট্রাল ডাটা বেইজের আওতায় নিয়ে আসা হবে। ফলে তথ্য ব্যবস্থাপনায় দক্ষতা ও গতিশীলতা বৃদ্ধি পাবে।
- ঋণ আদায়ের ক্ষেত্রে স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংকের মাধ্যমে BEFTN চালু করা হয়েছে। এর মাধ্যমে রিয়েল টাইমে কিস্তি পরিশোধ করার সুযোগ তৈরী হয়েছে। এছাড়া VISA/MASTER CARD, DEBIT CARD, POS MACHINE, মোবাইল ব্যাংকিংসহ আরো অন্যান্য অনলাইন ডিজিটিক Payment System এর মাধ্যমে ঋণের কিস্তি জমা প্রদান চালুকরণের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে। যার ফলে বিএইচবিএফসির আর্থিক সেবায় জনসাধারণের প্রবেশাধিকারের ক্ষেত্রে প্রাতিষ্ঠানিক সক্ষমতার ব্যাপক বৃদ্ধি পাবে।
- সাধারণভাবে কর্পোরেশন ঋণ প্রদানকালে নির্মাণাধীন বাড়িতে নাগরিক মৌলিক সুবিধাদি যেমন বিদ্যুৎ, পানি, গ্যাস ও যোগাযোগ প্রভৃতি বিদ্যমান থাকার বিষয়ে গুরুত্বারোপ করে থাকে। ফলে কর্পোরেশনের ঋণে বাড়ি নির্মাণের মাধ্যমে জনগোষ্ঠীর এ সকল মৌলিক সুবিধায় প্রবেশের সুযোগ সৃষ্টি হয়। পল্লী অঞ্চলে কর্পোরেশনের ঋণের বাড়ীতে এ সকল মৌলিক সুবিধা যেমনঃ নবায়নযোগ্য সৌর বিদ্যুৎ, বিকল্প জ্বালানী উৎস বায়োগ্যাস, পয়ঃনিষ্কাশন, স্যানিট্যাশন প্রভৃতি নিশ্চিতকরণে এ খাতের সংশ্লিষ্ট প্রতিষ্ঠান Infrastructure Development Company Ltd, গ্রামীণ শক্তি, জনস্বাস্থ্য প্রকৌশল ও পরিবেশ অধিদপ্তরের সাথে সমন্বয় সাধনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।
- গৃহঋণের চাহিদার বিপরীতে ঋণ কার্যক্রম বৃদ্ধি করে জাতীয় প্রবৃদ্ধিতে ভূমিকা পালনের মাধ্যমে এসডিজি লক্ষ্যমাত্রা অর্জনে ইতোমধ্যে বিভিন্ন কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। তৎমধ্যে আইন সংশোধনের মাধ্যমে অনুমোদিত মূলধন বৃদ্ধি, আমানত সংগ্রহ, আন্তর্জাতিক সংস্থা হতে ঋণ সংগ্রহের মাধ্যমে কর্পোরেশনের ঋণ প্রবাহ বৃদ্ধির মাধ্যমে আর্থিক সক্ষমতা সুসংহতকরণ কয়েকটি উল্লেখযোগ্য উদ্যোগ।

চ্যালেঞ্জসমূহ:

- মূলধনের অপ্রতুলতা
- দক্ষ মানবসম্পদ তৈরী করা
- সর্বক্ষেত্রে জবাবদিহিতা ও স্বচ্ছতা নিশ্চিতকরণ
- জাতীয় পর্যায়ে আবাসন খাত সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের সাথে সমন্বয় এর অভাব

প্রযুক্তিজ্ঞান সম্পন্ন দক্ষ মানব সম্পদ তৈরি করা এবং সর্বক্ষেত্রে জবাবদিহিতা ও স্বচ্ছতা নিশ্চিতকরণের উপর এসডিজি'র বাস্তবায়ন অনেকাংশে নির্ভরশীল। এ লক্ষ্যে নতুন নতুন ডিজিটাল সার্ভিস চালুকরণ ও কর্মকর্তাদের দেশে-বিদেশে নানা প্রশিক্ষণে অংশগ্রহণ এবং কর্পোরেশনে সেবা প্রধান প্রক্রিয়ায় জবাবদিহিতা ও স্বচ্ছতা নিশ্চিতকরণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

এসডিজি'র মূল ভাবনা "Leave no one behind" অর্থাৎ সবাইকে উন্নয়নের অংশীদার করতে হবে। এ চেতনায় উদ্বুদ্ধ হয়ে কর্পোরেশন কর্তৃক ঋণের সিলিং বৃদ্ধি, সুদ হার হ্রাসকরণ ও পল্লীমা আবাসন ঋণ চালুকরণের ফলে গৃহঋণ সেবা খাতে অধিক সংখ্যক মানুষের অর্ন্তভুক্তি হচ্ছে এবং একই সাথে অধিক সংখ্যক গৃহ ইউনিট নির্মাণে ঋণ প্রদান করা সম্ভব হচ্ছে। ফলে আবাসন খাতে কর্মসংস্থান বৃদ্ধি পাওয়ার সাথে সাথে নির্মাণ সামগ্রীর চাহিদাও বৃদ্ধি পাচ্ছে। ফলশ্রুতিতে সরকারের রাজস্ব আয়ও বৃদ্ধি পাচ্ছে। এভাবে দেশের অর্থনীতির চাকাকে আরো গতিশীল করার মাধ্যমে অন্তর্ভুক্তিমূলক টেকসই উন্নয়ন ও অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনে কর্পোরেশন গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নে বিএইচবিএফসি

রূপকল্প-২০২১ ও ২০৪১ সফল বাস্তবায়ন এবং টেকসই উন্নয়ন অর্জনে ২০৩০ অর্জনের মাধ্যমে সরকার ২০৪১ সালের মধ্যে বাংলাদেশকে উন্নত রাষ্ট্রে হিসেবে বিনির্মাণে দৃঢ়প্রতিজ্ঞ এবং সুশাসন সুসংহতকরণে সচেষ্ট। সে লক্ষ্য বাস্তবায়নে একটি কার্যকর, দক্ষ এবং প্রগতিশীল প্রশাসনিক ব্যবস্থা একান্ত অপরিহার্য। এ পরিপ্রেক্ষিতে স্বচ্ছতা ও দায়বদ্ধতা বৃদ্ধি, সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ এবং প্রাতিষ্ঠানিক সক্ষমতা উন্নয়নের জন্য ২০১৪-১৫ অর্থবছর হতে স্ব-স্ব মন্ত্রণালয়ের সাথে আওতাধীন প্রতিষ্ঠানসমূহের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরের মাধ্যমে কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি চালু হয়েছে। সরকারের সহযোগী প্রতিষ্ঠান হিসেবে বিএইচবিএফসি মন্ত্রিপরিষদ বিভাগ ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থমন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক ২০১৪-১৫ অর্থবছর হতে আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের সাথে এপিএ চুক্তি স্বাক্ষর ও এর লক্ষ্যমাত্রা বাস্তবায়ন করে আসছে। প্রতি বছরই কর্পোরেশন সফলতার সহিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জন করতে সক্ষম হয়েছে।

২০১৭-১৮ অর্থবছরে আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের সাথে বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশনের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হয়। আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের পক্ষে সিনিয়র সচিব এবং বিএইচবিএফসি'র পক্ষে পরিচালনা পর্ষদের চেয়ারম্যান ও ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণ চুক্তিতে স্বাক্ষর করেন। একইভাবে কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সাথে কর্পোরেশনের মাঠ পর্যায়ের অফিসের জোনাল ও রিজিওনাল প্রধানগণের সাথে পৃথক পৃথক বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হয়।

মন্ত্রিপরিষদ বিভাগের জারিকৃত নির্দেশিকা মোতাবেক অর্থমন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ সর্বমোট ১০০ নম্বরের ভিত্তিতে এপিএ'র কৌশলগত উদ্দেশ্যসমূহের বার্ষিক লক্ষ্যমাত্রা বাস্তবায়ন ও অর্জন মূল্যায়ন করে থাকে। ২০১৭-১৮ অর্থবছর প্রাতিষ্ঠানিক কৌশলগত উদ্দেশ্যসমূহের লক্ষ্যমাত্রার বিপরীতে ৮০ নম্বর এবং সকল প্রতিষ্ঠানের জন্য একই আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহের লক্ষ্যমাত্রার বিপরীতে ২০ নম্বরের ভিত্তিতে এপিএ'র অর্জন মূল্যায়ন করা হয়েছে।

পরিচালনা পর্ষদের সময় সময় দিক নির্দেশনা, চেয়ারম্যান ও ব্যবস্থাপনা পরিচালকগণদের সার্বক্ষণিক তদারকি এবং সদর দফতর ও মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের দায়িত্ব ও কর্তব্য যথাযথভাবে পরিপালনের ফলে ২০১৭-১৮ অর্থবছরে এপিএ-তে বিএইচবিএফসি আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থমন্ত্রণালয়ের আওতাধীন প্রতিষ্ঠানসমূহের মধ্যে ১০০ নম্বরের বিপরীতে ৯৫.৪৪ নম্বর পেয়ে অতি উত্তম ক্যাটাগরীতে অবস্থান নিশ্চিত করেছে। এপিএ ২০১৭-১৮ এর কৌশলগত উদ্দেশ্যসমূহের লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জনঃ

ক্রমিক	বিষয়	মোট নম্বর	প্রাপ্তনম্বর
১	প্রাতিষ্ঠানিক কৌশলগত উদ্দেশ্য	৮০	৭৭.২৪
২	আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য	২০	১৮.২০
	সর্বমোট	১০০	৯৫.৪৪

